



# বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯  
ফোন: +৮৮-০২-৯১৪৩২৩৬, ৯১২০০১৫, ৯১২৬১৪৫, ফ্যাক্স : ৮৮-০২-৮১১৪৮২০, E-mail : bils@citech.net

www.bils-bd.org

তারিখ: ২৬ জুলাই ২০১৮ ইং

বরাবর,

জনাব কাজী রিয়াজুল হক  
চেয়ারম্যান  
জাতীয় মানবাধিকার কমিশন  
বিটিএমসি ভবন (৯ম তলা),  
৭-৯, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

National Human Rights Commission

RECEIVED

Date... ২৬/৭/২০১৮  
Time...  
File No... ২৬/১৭  
Signature... [Signature]

কাজী হক (৫ ৪১)

বিষয়: শিশু গৃহশ্রমিক জান্নাত নির্যাতন ঘটনায় পদক্ষেপ গ্রহণের জন্য ধন্যবাদ।

জনাব,

বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স এর পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন।

জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক ইস্যুকৃত 'গৃহকর্মীকে নির্যাতন এবং নির্মাণ শ্রমিককে পিটিয়ে হত্যা ঘটনা দুটির সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিতকরণ সংক্রান্ত অভিযোগের তদন্ত' বিষয়ক প্রতিবেদন আমরা পেয়েছি।

গত ১৮ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে শিশু গৃহশ্রমিক জান্নাত নির্যাতন ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিতকরণ এবং ভিকটিম পরিবারের পাশে দাঁড়াতে 'গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক' ও 'শ্রমিক নিরাপত্তা ফোরাম' এর সচিবালয় হিসেবে বিল্‌স এর পক্ষ থেকে জাতীয় মানবাধিকার কমিশনকে লিখিতভাবে অনুরোধ জানানো হয়।

উক্ত অভিযোগ আমলে নিয়ে ঘটনার তদন্তের উদ্যোগ গ্রহণ করায় 'গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক' ও 'শ্রমিক নিরাপত্তা ফোরাম' এর পক্ষ থেকে আপনাকে অন্তরিক ধন্যবাদ। আমরা আশা করছি, এই ঘটনাসহ সকলক্ষেত্রে শ্রমজীবী মানুষের ন্যায় বিচার নিশ্চিত ও মানবাধিকার রক্ষার জন্য জাতীয় মানবাধিকার কমিশন আরও সচেষ্ট হবে।

শ্রমজীবী মানুষের ন্যায় বিচার ও মানবাধিকার রক্ষার জন্য আমাদের নেটওয়ার্ক ও ফোরাম এবং নেটওয়ার্ক ও ফোরামের সচিবালয় বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স প্রয়োজনীয় সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে।

ধন্যবাদান্তে-

সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ  
নিবাহী পরিচালক, বিল্‌স।

অনুলিপি:

- এম. রবিউল ইসলাম, উপ-পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন।